

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ২. ১৭. ইস্রায়েল ও যিহূদার সৈনিকদের সংখ্যার বৈপরীত্য

দাউদের নির্দেশে তাঁর সেনাপতি যোয়াব রাজ্যের দু অংশ 'যিহূদা' (এহুদা) ও 'ইসরাইল'-এর লোকসংখ্যা গণনা করেন। এ গণনার ফল বাইবেলের দুটো পুস্তকে দু'ভাবে লেখা হয়েছে। ২ শামুয়েল ২৪/৯: "পরে যোয়াব গণনা করা লোকদের সংখা বাদশাহর কাছে দিলেন; ইসরাইলে তলোয়ারধারী আট লক্ষ বলবান লোক ছিল; আর এহুদার লোক ছিল পাঁচ লক্ষ।" (মো.-১৩)

অপর দিকে ১বংশাবলি ২১/৫: "আর যোয়াব গণনা করা লোকদের সংখা দাউদের কাছে দিলেন। সমস্ত ইসরাইলের এগার লক্ষ তলোয়ারধারী লোক ও এহুদার চার লক্ষ সত্তর হাজার তলোয়ারধারী লোক ছিল।" (মো.-১৩)

তাহলে প্রথম বর্ণনামতে ইপ্রায়েলের যোদ্ধাসংখ্যা ৮,০০,০০০ এবং যিহূদার ৫,০০,০০০। আর দ্বিতীয় বর্ণনামতে তাদের সংখ্যা: ১১,০০,০০০ ও ৪,৭০,০০০। উভয় বর্ণনার মধ্যে বৈপরীত্যের পরিমাণ দেখুন! ইপ্রায়েলের জনসংখ্যা বর্ণনায় ৩ লক্ষের কমবেশি এবং যিহুদার জনসংখ্যার বর্ণনায় ত্রিশ হাজারের কমবেশি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13974

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন